

## গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu'min) | غَافِرُ(الْمُؤْمِنِ)

আয়াতঃ ৪০ : ৪৫

আরবি মূল আয়াত:

فَوَقَّاهُ اللَّهُ سَيِّئَاتِ مَا مَكَرُوا وَ حَاقَ بِآلِ فِرْعَوْنَ سُوءُ الْعَذَابِ ﴿٤٥﴾

অনুবাদসমূহ:

অতঃপর তাদের ষড়যন্ত্রের অশুভ পরিণাম থেকে আল্লাহ তাকে রক্ষা করলেন আর ফির'আউনের অনুসারীদেরকে ঘিরে ফেলল কঠিন আযাব। — আল-বায়ান

অতঃপর আল্লাহ তাকে তাদের ষড়যন্ত্রের খারাবী থেকে রক্ষা করলেন, আর কঠিন শাস্তি ফেরাউনের লোকজনকে চতুর্দিক থেকে ঘিরে ফেলল। — তাইসিরুল

অতঃপর আল্লাহ তাকে তাদের ষড়যন্ত্রের অনিষ্টতা হতে রক্ষা করলেন এবং কঠিন শাস্তি পরিবেষ্টন করল ফির'আউন সম্প্রদায়কে। — মুজিবুর রহমান

So Allah protected him from the evils they plotted, and the people of Pharaoh were enveloped by the worst of punishment - — Sahih International

৪৫. অতঃপর আল্লাহ তাকে তাদের ষড়যন্ত্রের অনিষ্ট হতে রক্ষা করলেন এবং ফিরআউন গোষ্ঠীকে ঘিরে ফেলল কঠিন শাস্তি;

-

তাফসীরে জাকারিয়া

(৪৫) অতঃপর আল্লাহ তাকে ওদের ষড়যন্ত্রের অনিষ্ট হতে রক্ষা করলেন[1] এবং কঠিন শাস্তি ফিরআউন সম্প্রদায়কে গ্রাস করল।[2]

[1] অর্থাৎ, তার ক্বিবত সম্প্রদায় উক্ত মু'মিনের সত্যের ঘোষণা দেওয়ার কারণে তার বিরুদ্ধে যে চক্রান্ত এবং ষড়যন্ত্র করে রেখেছিল, সেই সমস্ত ষড়যন্ত্রকে মহান আল্লাহ ব্যর্থ করে দেন এবং তাকে মূসা (আঃ)-এর সাথে পরিভ্রাণ দান করেন। আর আখেরাতেও তার স্থান হবে জান্নাতে।

[2] অর্থাৎ, দুনিয়াতে তাদেরকে ডুবিয়ে ধ্বংস করা হল এবং আখেরাতেও তাদের জন্য হবে জাহান্নামের কঠিনতর আযাব।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4178>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন